

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক সভার কার্যবিবরণী।

২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকাল ১০.০০টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক সভা জনাব মোঃ আবু বকর সিদ্দিক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়।	গত ৩০ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.	অভিযোগ বাক্স স্থাপন এবং অভিযোগ যাচাই বাচাই ও নিষ্পত্তি।	প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ৩.৪ অনুচ্ছেদে উল্লেখিত অফিসের সামনে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত অভিযোগ বাক্স স্থাপন, অভিযোগ যাচাই-বাচাই ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অফিসের সামনে ইতোমধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে অভিযোগ/পরামর্শ বাক্স স্থাপনের বিষয়ে সদস্যগণ মত প্রকাশ করেন।	দুর্নীতি প্রতিরোধে অফিসের সামনে একটি অভিযোগ/পরামর্শ বাক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
৩.	বিবিধ।	সভাপতি কর্মকর্তা-কর্মচারী ও দর্শনার্থীদের মাঝে পরিধান, সাবান পানি দিয়ে হাত ধোঁতকরণ, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারকরণ, অফিসকক্ষ, করিডোর ও শৌচাগার নিয়মিতভাবে হারপিক, ফিনাইল, ব্লিচিং পাউডার ব্যবহারের মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়।	স্বাস্থ্য বিধি মেনে সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ও সকল কর্মকর্তা ও কর্মচারী

৩। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু বকর সিদ্দিক
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

ফোন: +৮৮০-২-৪১০৫৩৮৬


ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং- ৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩/৭৪

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ
আসসালামু

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপপরিচালক (প্রশাসন)/(সকল), এ ইউনিট।
- ০৩। সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
- ০৪। আইন কর্মকর্তা, এ ইউনিট।
- ০৫। হিসাবরক্ষণ অফিসার, এ ইউনিট।
- ০৬। জনাব/বেগম, এ ইউনিট।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


মোঃ কামাল হোসেন
উপপরিচালক (অর্থ ও হিসাব)